ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৮৫

আগরতলা, ৭ মে, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'হোস্টেলে ছাত্রের রহস্যজনক মৃত্যু' শিরোনামে ৫ মে, ২০২৫ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদ দক্ষিণ ত্রিপুরা জেলা শিক্ষা অফিসের দৃষ্টি আকর্ষণ করেছে। এবিষয়ে দক্ষিণ জেলা শিক্ষা আধিকারিক এক স্পষ্টিকরণ দিয়ে জানিয়েছেন, নবম শ্রেণির ছাত্র শামায়েল ত্রিপুরা ডিডিএমআর বয়েজ হোস্টেলের রুমে বিকাল ১টা ২০ মিনিট নাগাদ আত্মহত্যা করেছে বলে জানা যায়। কি কারণে সে এই মারাত্মক পদক্ষেপটি নিয়েছে তা জানা যায়নি। বিদ্যালয় কর্তৃপক্ষ কিংবা কোন ছাত্র, ওয়ার্ডেন, সুপারিন্টেন্ডেন্ট বা শিক্ষকের পক্ষ থেকে কোন প্রকারের চাপ, কুমন্তব্য বা অন্য ছাত্রদের দ্বারা র‍্যাগিং এর সংবাদ পাওয়া যায়নি। আত্মহত্যার পিছনে কারণ খতিয়ে দেখার জন্য তদন্ত চলছে। শিক্ষক থেকে শুরু করে সমস্ত অশিক্ষক কর্মী ও ছাত্ররা কর্তৃপক্ষের সাথে তদন্তে সহযোগিতা করছেন।

এই ঘটনার পরিপ্রেক্ষিতে মহকুমা মানসিক স্বাস্থ্য কর্মীদের উপস্থিতিতে ৫ মে, ২০২৫ তারিখ সকাল ১০টায় অভিভাবক, শিক্ষক ও এসএমসি-কে নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়। আত্মহত্যা জাতীয় ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে তা সুনিশ্চিত করার লক্ষ্যে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

******